

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯৫৭

পর্ব - ৭ ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২০. ফারায়িয বা মৃতের পরিত্যক্ত সম্পত্তির বর্ণ্টন বিধি - ফারায়েযের ক্ষেত্রে যায়েদ বিন হারেছ (রাঃ) সাহাবীদের মাঝে সবচেয়ে বিজ্ঞ

আরবী

وَعَنْ أَبِي قِلَابَةَ, عَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «أَفْرَضُكُمْ زَيْدُ بُنُ ثَابِت». أَخْرَجَهُ أَحْمَدُ, وَالْأَرْبَعَةُ سِوَى أَبِي دَاوُدَ, وَصَحَّحَهُ التِّرْمِذِيُّ, وَابْنُ حِبَّانَ, وَالْحَاكِمُ, وَأُعِلَّ بِالْإِرْسَالِ

ضعيف. وتفصيل ذلك بالأصل

বাংলা

৯৫৭। আবৃ কিলাবাহ (রহঃ) হতে বর্ণিত, তিনি আনাস বিন মালিক (রাঃ) থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যায়দ বিন সাবিত (রাঃ) তোমাদের মধ্যে ফারায়িয বা মৃতের পরিত্যক্ত সম্পত্তি বন্টন বিষয়ে অধিক পারদর্শী। -তিরমিযী, ইবনু হিব্বান ও হাকিম। সহীহ বলেছেন। কিন্তু এর উপর মুরসাল হবার ত্রুটি আরোপ করা হয়েছে।[1]

ফুটনোট

[1] ইমাম সানআনী তাঁর সুবুলুস সালাম (৩/১৬১) গ্রন্থে বলেন, হাদীসটি ক্রটিযুক্ত কেননা, আবৃ কিলাবা আনাস থেকে হাদীসটি শ্রবণ করেননি। বিন বায (তাঁর) হাশিয়া বুলুলুগুল মারাম (৫৬৩) গ্রন্থে বলেন, মুরসালের কারণে হাদীসটি ক্রটিযুক্ত। ইবনু উসাইমীন তাঁর বুলুগুল মারামের শরাহ (৪/৩৮৬) গ্রন্থে একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ কিলাবাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন